গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ৬৪৮ তারিখ: ২৯/৯/১৪২৮ বঙ্গাব্দ
১৩/০১/২০২২ খ্রিস্টাব্দ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অক্টোবর ও নভেম্বর-২০২১ মাসে কার্যাবলির উপর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি: ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১২/১২/২০২১ খ্রিঃ।
সময় : বেলা ১৫.০০ ঘটিকা।
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের সকল পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক (সদর দপ্তর) ও ঢাকা, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) ও ঢাকাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ের বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি | (ক) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর নেতৃত্ব ও নির্দেশনায় সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমির জমি অধিগ্রহণ কার্যক্রম শতভাগ সম্পন্ন হওয়ায় সভার পক্ষ থেকে মহাপরিচালক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>(খ) জরুরিভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এতদবিষয়ে সম্পন্নকৃত চুক্তিনামা যথাযথভাবে বাস্তবায়নের জন্য ভিত্তি স্থপতিবৃন্দ লিমিটেড এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(গ) আগামী বুনিয়াদি প্রশিক্ষণ ফায়ার একাডেমিতে সম্পন্ন করার উপযুক্ত পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) এবং (পঃ উঃ প্রঃ) |
| ২. | মুজিববর্ষ উদ্‌যাপন | সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষের কর্মসূচি উদ্‌যাপনে চলমান গতি অব্যাহত রেখে সমাপনী অনুষ্ঠানে গৃহীত সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার শৈথিল্য গ্রহণযোগ্য হবে না। | পরিচালক (সকল) |
| ৩. | পতাকা ও আলোকসজ্জার কার্যক্রম | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরে সঠিক মাপের নতুন জাতীয় পতাকা তৈরীকরণ এবং প্রধান ভবনে সোজা, দৃষ্টিনন্দন ও মানসম্মত দন্ডের উপর তা স্থাপনের বিষয়টি নিশ্চিত করতে হবে। মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাত এবং ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর আওতাধীন সকল দপ্তর ও স্থাপনা আলোকসজ্জিতকরণের (লাল ও সবুজ রঙের আলো) ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ৪. | প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত বুনিয়াদি প্রশিক্ষণে ব্যবহারিক অনুশীলনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। তাছাড়া অপারেশনাল কাজে নিয়োজিতদের নিয়মিত সাজসরঞ্জামাদির ব্যবহারবিধি অনুশীলন বৃদ্ধি করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক সাজ-সরঞ্জামাদির বিষয়ে নিয়মিত সচেতনকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, শুদ্ধাচার, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে জনপ্রতি ন্যূনতম ৬০ ঘন্টা প্রশিক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৫. | বিভাগীয় মামলা নিষ্পত্তি | বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক করে দ্রুততার সাথে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ন্যায় বিচার নিশ্চিতকরণের লক্ষ্যে সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৬.</td><td>পরিদর্শন</td><td>অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠকার্যালয়সমূহ আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক পরিদর্শন ও প্রকল্পের কার্যক্রম নিয়মিত পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে সুনির্দিষ্ট সুপারিশ উল্লেখ করতে হবে এবং সুপারিশসমূহ বাস্তবায়নের তদারকি করতে হবে।</td><td>পরিচালক (সকল)</td></tr>
<tr><td>৭.</td><td>পেনশন কেইস নিষ্পত্তি</td><td>পেনশন কেইস নিষ্পত্তিতে অধিদপ্তরের অর্জিত সুনাম বজায় রাখতে হবে। কল্যাণ কর্মকর্তাকে আরো উদ্যোগী হয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক অনিষ্পন্ন পেনশন কেইসগুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।</td><td>পরিচালক (প্রশাঃ ও অর্থ)</td></tr>
<tr><td>৮.</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিভিন্ন কার্যক্রম বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপনের লক্ষ্যে জমি অধিগ্রহণের কাজ ৪০% সম্পন্নকরণ, ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের আওতায় ০২ টি ফায়ার স্টেশন নির্মাণ, স্ট্রেংদেনিং এবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স (সেফার) প্রজেক্টের ভৌত কাজের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সকলকে আরো সচেষ্ট হয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>০১-০৭-২০২১ হতে অদ্যাবধি অগ্নিনির্বাপণ, দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর-১০০%; অ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা-৯২%; তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য ৯২টি পয়েন্টে টহল কার্যক্রম পরিচালনা; ভিভিআইপি/ ভিআইপিগণের অগ্নি নিরাপত্তা প্রদান-১০০%; ৪১৫টি বহুতল/ বাণিজ্যিক ভবনে; ২১১টি বস্তিতে; ২১০টি হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রে; ১২৯১টি শপিংমল, হাটবাজার বিপণিবিতানে; ১২৩টি সরকারি প্রতিষ্ঠানে; ৫৬টি সড়ক, মহাসড়কের ঝুঁকিপূর্ণ স্থানে; ২৮টি স্থল বন্দর, সমুদ্র বন্দর, নৌ-বন্দর, লঞ্চঘাট, ফেরীঘাটে; ১৫৬টি ধর্মীয় প্রতিষ্ঠানে মহড়া পরিচালনা ও জনসচেতনতার লক্ষ্যে ৩৯৮৭টি টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা করা হয়েছে। তাছাড়া ১৯০২টি শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন; আবেদনের ৮৯% ফায়ার লাইসেন্স, ৭৩.৫০% বহুতল ও বাণিজ্যিক ভবনের ফায়ার সেফটি ছাড়পত্র প্রদান; ৫১৯টি বিভিন্ন প্রতিষ্ঠানে পরিচালিত সার্ভে পরিচালনা করা হয়েছে। শিল্প প্রতিষ্ঠানে কর্মরতদের ৫৩১২০ জন; সরকারি প্রতিষ্ঠানে-৫২৮টি; শপিংমল, হাটবাজার ও বিপণিবিতানে-২০৩টি; বহুতল/ বাণিজ্যিক ভবনে-১০৮টি মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধিকরণে কর্মকর্তা/ কর্মচারীদের (সার্চ এ্যান্ড রেসকিউ, স্ট্রাকচারাল ফায়ার ফাইটিং, হ্যাজমেট, বিএ গ্যালারী এবং ল্যান্ড স্লাইড ইত্যাদি) বিষয়ে ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান; বিশেষ লার্নিং সেশন-২টি; ৭৩৫ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ার, ৪৭৭ জন কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>১১টি মডার্ন ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন নির্মাণের অগ্রগতি-
<table>
<tr><td>রুপপুর, গ্রিনসিটি, পাবনা</td><td>১০০%</td><td>কাচঁপুর ব্রিজ, নারায়ণগঞ্জ</td><td>৬০%</td></tr>
<tr><td>সারাবো (কাশিমপুর),</td><td>১০০%</td><td>কর্ণফুলি, চট্টগ্রাম</td><td>৩০%</td></tr>
<tr><td>সাভার সেনানিবাসস্থ</td><td>৮৭%</td><td>শিবু মার্কেট, ফতুল্লা,</td><td>১৫%</td></tr>
<tr><td>গাজীপুর চৌরাস্তা, গাজীপুর</td><td>৮০%</td><td>কোনাবাড়ী, গাজীপুর</td><td>১২%</td></tr>
<tr><td>রাজেন্দ্রপুর, গাজীপুর</td><td>১০%</td><td></td><td></td></tr>
<tr><td>রুপপুর পারমানবিক বিদ্যু কেন্দ্র</td><td colspan="3">জমি অধিগ্রহণের নিমিত্ত ক্ষতিপূরণ মূল্যের প্রাক্কলন তৈরি প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>কালুরঘাট, চট্টগ্রাম</td><td colspan="3">জানুয়ারি/২২ মাসে পূর্ত কাজের দরপত্র আহবান করা হবে</td></tr>
</table>
স্ট্রেংদেনিং এবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স (সেফার) প্রজেক্ট ভৌত-৭২%, আর্থিক-৪০.৭৫% বাস্তবায়ন; কর্মকর্তা কর্মচারীদের জন্য ৬টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি ২৮-১০-২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপনে ডিপিপি পুনর্গঠন; ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, দেশের উত্তরাঞ্চলের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৯টি স্টেশন স্থাপন; দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৬০টি ফায়ার স্টেশন স্থাপন, দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২৯টি স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরে ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে জরুরিভিত্তিতে ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে জরুরি ভিত্তিতে</td><td>পরিচালক (সকল)</td></tr>
<tr><td>৯.</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td><td>সকল দপ্তরের কর্মপরিবেশ উন্নয়ন, যথযথভাবে অভ্যন্তরীন অডিট পরিচালনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। তাছাড়া প্রকল্প সমূহের নিয়মিত পিআইসি সভাকরন ও পিএসসি সভার উদ্যেগ গ্রহণ করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে হ্যান্ডবিল, পোস্টার, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে দুর্যোগ/দুর্ঘটনা প্রতিরোধে করণীয় প্রচারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১১. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের অডিট কার্যক্রম সম্পন্নকরণের নির্ধারিত তারিখে অডিট সম্পন্নকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। তাছাড়া অডিট আপত্তির পত্র প্রাপ্তির পরবর্তী ৩০ কর্মদিবসের মধ্যে নিষ্পত্তির প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ১২. | স্থাবর সম্পত্তির রেকর্ড হালনাগাদকরণ | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীদের নিয়োজিত করে বিভিন্ন দপ্তরের নামজারিহীন জমি নামজারিসহ হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতদ্‌বিষয়ে সংশ্লিষ্টদের আরো সক্রিয় হয়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৩. | ক্রয় কার্যক্রম | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়যোগ্য মালামাল অবশ্যই ই-টেন্ডারে ক্রয় ও মালামাল ক্রয়ের ক্ষেত্রে পিপিআর কঠোরভাবে অনুসরণ করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ১৪. | ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যক্রম | ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি ট্রাস্টের মাসিক সভায় অলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

২৪/১১/২০২১

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ৬৪৮ (৬০০) তারিখ: ২৯/৮/১৪২৮ বঙ্গাব্দ।
১৩/১২/২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (১৫৬/৪৬/১১ মডার্ন/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..................................................(সকল)।
৮. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..................................................(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৬. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..........................................(সকল)।
১৮. সুপার/সেকশন ইনচার্জ......................................................................, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৯. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ ক্রয় ও স্টোর/ পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

১৩/১২/২০২১

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)